



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

3rd. Term Test -2019

Class: 3 A & C



Subject: Bengali Text

Duration: 2hrs

Full Marks:65

Date: 18/11/2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

'ক' বিভাগ - 15

১। শব্দের অর্থ লেখ :-

4

আনন , বিতরণ , নাল , সার্থক

২। বিপরীত শব্দ লেখ :-

4

হাসি , আলো , জল , পছন্দ

৩। বাক্য রচনা কর :-

4

জগৎ , সাহায্য , লাফ , প্রজাপতি

৪। ঠিক বা ভুল লেখ :-

3

(ক) উদ্ভিদে বায়ু থেকে অক্সিজেন গ্রহণ করে।

(খ) বাবুই পাখী বাসা বানাতে পারে।

(গ) কাঁচি বেদেনি দা দিয়ে নেকড়ের গলায় পোঁচ লাগিয়েছিল।

'খ' বিভাগ - 20

৫। সংক্ষিপ্ত উত্তর দাও :-

(ক) আবদুল মাঝির গল্পটিকে কী ধরনের কাহিনি বলা যায় ? এই গল্পটি কে কাকে

বলেছিল ?

1+2=3

(খ) ভালগাছের কী সাধ হয়েছে ? আকাশে ওড়ার জন্য কী দরকার হয় ? 1+1=2

(গ) শ্রমিক নালসো পিঁপড়ে সম্বন্ধে যা জান লেখ। 3

(ঘ) প্রজাপতিদের কোথায় দেখতে ভাল লাগে এবং কেন ? 1+2=3

(ঙ) মাংসাশী প্রাণী কাকে বলে ? দুটি উদাহরণ দাও। 1+2=3

(চ) বাড়ীতে জগদ্ধাত্রী পূজো নিয়ে বিদ্যাসাগরের বাবা ও মায়ের কী কী ইচ্ছা ছিল? 4

(ছ) বায়ুতে কী কী বায়বীয় পদার্থ বা গ্যাস থাকে ? 2

'গ' বিভাগ - 30

৬। 'সারাদিন ঝরঝর থঞ্চর

কাঁপে পাতা পত্তর'

কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবির নাম কী ? এখানে কোন দিনের কথা বলা হয়েছে ? এটাকে ভালগাছ কী বলে ভাবে ? 1+1+1+2=5

৭। বিদ্যাসাগর কিভাবে তার মায়ের তিনখানা গয়না করে দিয়েছিলেন ? 5

৮। "বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনাশোনা হয়ে গেছে" -----

বাক্যটিতে বাইরে ভেতরে বলতে কোন কথা বলা হয়েছে ? 5

৯। ভালগাছ কবিতার প্রথম ছয় লাইন কবির নাম সহ লেখ। 5

১০। "ইন্দ্রধনু দিয়ে পাখা

জানো কে এঁকেছে"

কোন কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবির নাম কী ? ইন্দ্রধনু কথার অর্থ কী ? কবি প্রজাপতির পাখাকে ইন্দ্রধনু দিয়ে এঁকেছে কেন বলেছেন ? 1+1+1+2=5

১১। "সাঁতার কেটে তার জমে উঠেছে খিদে"

কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? লেখকের নাম কী ? কার খিদে জমে উঠেছে ? কোথায় সে সাঁতার কাটছিল ? 5

XXXXXXXXXXXXXXXXXXXX



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

3rd. Term Test -2019

Class: 3 A & C

Model Answer



Subject: Bengali Text

Full Marks:65

Duration: 2hrs

Date: 18/11/2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes & work not done in systematic manner.)

বিভাগ 'ক' - 15

১। শব্দের অর্থ লেখ :-

4

আনন = মুখ, বিতরণ = ভাগ করে দেওয়া, নাল = লালা, সার্থক = সফল

২। বিপরীত শব্দ লেখ :-

4

হাসি = কান্না, আলো = অন্ধকার, জল = স্থল, পছন্দ = অপছন্দ

৩। বাক্য রচনা কর :- (নিজে লেখ)

4

ভাগ্য, সাহায্য, লাফ, প্রজাপতি

৪। ঠিক বা ভুল লেখ :-

3

ক) উদ্ভিদেরা বায়ু থেকে অক্সিজেন গ্রহণ করে।

(ভুল)

খ) বাবুই পাখী বাসা বানাতে পারে।

(ঠিক)

গ) কাঁচি বেদেনি দা দিয়ে নেকড়ের গলায় পোঁচ লাগিয়েছিল।

(ভুল)

বিভাগ 'খ' - 20

৫। সংক্ষিপ্ত উত্তর লেখ :-

ক) আবদুল মাঝির গল্পটিকে কাল্পনিক ধরনের কাহিনি বলে।

1

এই গল্পটি আবদুল মাঝি রবীন্দ্রনাথকে বলেছিল।

2

- খ) তালগাছের আকাশে ওড়ার সাধ হয়েছে। 1
 আকাশে ওড়ার জন্য ডানার দরকার হয়। 1
- গ) শ্রমিক নালসো পিঁপড়ে - এদের ডানা থাকে না। শরীরের রং লাল। এরা সিকি ইঞ্চি পর্যন্ত লম্বা হয়। সংসারের যাবতীয় কাজ এরাই করে। যুদ্ধের সময় সৈনিকের কাজও এরাই করে। 3
- ঘ) প্রজাপতিদের ফুলের মাঝে দেখতে ভাল লাগে। 1
 বিভিন্ন ফুলের বিভিন্ন রঙ, প্রজাপতিদের পাখার রঙের বাহার আছে। তাই 2
 রঙবেরঙের মাঝে প্রজাপতিদের দেখতে ভাল লাগে।
- ঙ) যে সব প্রাণীরা অন্য প্রাণীদের মাংস খেয়ে বেঁচে থাকে তাদের মাংসাশী প্রাণী বলে। 1
 যেমন বাঘ সিংহ। 2
- চ) বাড়ীতে জগদ্ধাত্রী পূজো নিয়ে বাবার ইচ্ছা ছিল আলো জ্বালিয়ে বাজনা বাজিয়ে ধুমধাম করে পূজো করা আর মায়ের ইচ্ছা ছিল পূজোতে ধুমধাম না করে গরিব দুঃখীদের খাওয়ানো হোক। 4
- ছ) বায়ুতে নাইট্রোজেন, অক্সিজেন, আরগন, কার্বন-ডাই অক্সাইড ও অন্য কিছু গ্যাস থাকে। 2

বিভাগ 'গ' - 30

৬। 'সারাদিন বর্ষ বর্ষ থংথর

কাঁপে পাতা-পতুর' -

তালগাছ কবিতা থেকে নেওয়া হয়েছে।

কবির নাম রবীন্দ্রনাথ ঠাকুর।

এখানে বাদলা দিনের কথা বলা হয়েছে।

সে মনে করছে পাতা কাঁপার সাথে সাথে উড়ে বেড়াচ্ছে।

1+1+1+2=5

৭। বিদ্যাসাগর তার মায়ের কথামত একটি বিনে মাইনের ইস্কুল, গ্রামের গরিবদের জন্য একটি ডাক্তারখানা যেখানে বিনে পয়সায় চিকিৎসা হবে বিনে পয়সায় ওষুধ পাবে, আর গ্রামের দুস্থ ছেলেদের থাকা খাওয়ার একটা বন্দোবস্ত করে এইভাবে তার মায়ের তিনখানা গয়না করে দিয়েছিলেন।

৮। 'বাইরে ভেতরে অনেক মানুষের সঙ্গে তার চেনাশোনা হয়ে গেছে'

বাক্যটিতে বাইরে বলতে নেকড়ে বাঘের সঙ্গে যার দেখা হয়েছে তার কথা এবং

ভেতরে বলতে নেকড়ে বাঘটি যাকে খেয়েছে তার কথা বলা হয়েছে।

5

৯।

তালগাছ / রবীন্দ্রনাথ ঠাকুর

5

তালগাছ এক পায়ে দাঁড়িয়ে

সব গাছ ছাড়িয়ে

উঁকি মারে আকাশে।

মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়,

একেবারে উড়ে যায়

কোথা পাবে পাখা সে!

১০। “ইন্দ্রধনু দিয়ে পাখা

1+1+1+2=5

জানো কে ঐঁকেছে”

প্রজাপতি কবিতা থেকে নেওয়া হয়েছে।

কবির নাম যোগীন্দ্রনাথ সরকার।

ইন্দ্রধনু কথার অর্থ রামধনু।

প্রজাপতির পাখায় অনেক রঙ থাকে। ইন্দ্রধনুতেও অনেক রঙ থাকে তাই কবি
ইন্দ্রধনু অর্থাৎ অনেক রঙ দিয়ে প্রজাপতির পাখাকে ঐঁকেছে বলে বলা হয়েছে।

১১। “সাঁতার কেটে তার জমে উঠেছে খিদে”

5

‘আবদুল মাঝির’ গল্প থেকে নেওয়া হয়েছে।

লেখকের নাম রবীন্দ্রনাথ ঠাকুর।

নেকড়ে বাঘের খিদে জমে উঠেছে।

পদ্মা নদীতে সে সাঁতার কাটছিল।

XXXXXXXXXXXXXXXXXXXXXXXXXX